আরিয়ানের গ্রেফতার নিয়ে যা বললেন মহারাষ্ট্রের মন্ত্রী নবাব

এনসিপি নেতা ও মহারাষ্ট্রের মন্ত্রী নবাব মালিক বলেছেন, আসলে কোনো মাদকই পাওয়া যায়নি বলিউড অভিনেতা শাখরুখ খানের পুত্র আরিয়ান খানের কাছে!

তিনি বলেন, মহারাষ্ট্র আর মুম্বাই ফিল্ম ইন্ডাস্ট্রির বদনাম করার জন্যই এসব করছে এনসিবি। খবর আনন্দবাজার পত্রিকার।

তার মতে, এসবই ষড়যন্ত্র। তবে মালিকের সব অভিযোগ উড়িয়ে দিয়েছে বিজেপি ও এনসিবি।

রীতিমতো তথ্যপ্রমাণ নিয়েই মাঠে নামলেন নবাব মালিক। সংবাদ সম্মেলনে বললেন, আটক হওয়ার পর আরিয়ান খান এবং তার সঙ্গী আরবাজ মার্চেন্টকে যে দুজন ধরে এনেছেন, তারা এনসিবির অফিসার নন। তাদের একজন বিজেপি কর্মী ও অন্যজন প্রাইভেট গোয়েন্দা।

ভাইরাল হওয়া একটি ভিডিওতে দেখা গেছে, আরিয়ানকে ধরে এনসিবি অফিসে নিয়ে আসছেন কে পি গোসাওয়ি। তিনি আরিয়ানের সঙ্গে সেলফি তুলে ইতোমধ্যে ভাইরাল।

এনসিবি তখনই জানিয়ে দেয়, এই গোসাওয়ি তাদের কর্মী নন। তা হলে কে? নবাব মালিক জানালেন, গোসাওয়ি হলেন প্রাইভেট গোয়েন্দা। আরবাজকে ধরেছিলেন মনিশ ভানুশালি। তিনি বিজেপি কর্মী।

অন্যদিকে এনসিবি জানিয়েছে, মনিশ ভানুশালি ও গোসাওয়ি প্রমোদতরী তল্লাশি অভিযানের অন্যতম সাক্ষী। মোট ৯ জন সাক্ষী ছিলেন সেখানে।

এনসিবির ডেপুটি ডিরেক্টর জেনারেল জ্ঞানেশ্বর সিং বললেন, এসব অভিযোগ ভিত্তিহীন। কারও সমস্যা থাকলে তিনি আদালতে যেতে পারেন।

মৌমাছির দংশনে মারা গেল বিলুপ্তপ্রায় অর্ধশতাধিক পেঙ্গুইন

দক্ষিণ আফ্রিকার সৈকতে বিলুপ্তপ্রায় ৬০টির বেশি পেঙ্গুইনের মৃতদেহ পাওয়া গেছে, যেগুলোর শরীরে মৌমাছির কামড়ের দাগ ছাড়া অন্য কোনো আঘাতের চিহ্ন নেই।

কেপটাউনের কাছাকাছি দক্ষিণ আফ্রিকার ওই সৈকতে ৬৩টি বিলুপ্তপ্রায় আফ্রিকান পেঙ্গুইনের মৃতদেহ পাওয়া গেছে। খবর বিবিসির।

দেশটির ন্যাশনাল পার্কের কর্মকর্তারা জানিয়েছেন, পেঙ্গুইনের ওপর মৌমাছির আক্রমণের বিষয়ে এবারই প্রথম জানা গেল। এই এলাকায় প্রতি বছর অন্তত ৬০ হাজার পর্যটকের ওপর হামলা করে থাকে এসব মৌমাছি।

দক্ষিণ আফ্রিকার ন্যাশনাল পার্কস এজেন্সির মেরিন বায়োলজিস্ট ড. অ্যালিসন কোক। জানান, সাধারণত পেঙ্গুইন আর মৌমাছি সহাবস্থান করে থাকে। বিরক্ত না করলে মৌমাছি সাধারণত কাউকে কামড় দেয় না।

আমরা ধারণা করছি, হয়তো এই এলাকায় তাদের কোনো মৌচাকে আঘাতের ঘটনা ঘটেছে। ফলে ঝাঁক বেঁধে মৌমাছিগুলো বেরিয়ে গেছে এবং আগ্রাসী হয়ে পেঙ্গুইনদের কামড়াতে শুরু করে।

ময়নাতদন্তে দেখা গেছে, এসব পেঙ্গুইনের চোখের আশপাশে অনেক কামড়ের দাগ রয়েছে এবং ঘটনাস্থলে মৃত মৌমাছিও পাওয়া গেছে। এটি আসলে বিরল একটি ঘটনা।

দক্ষিণ আফ্রিকার উপকূলীয় পাখি সংরক্ষণ ফাউন্ডেশনের পশু চিকিৎসক ডেভিড রবার্টস বলেন, এ রকম ঘটনা আর ঘটবে বলে আমরা মনে করি না, এটি আসলে অপ্রত্যাশিত একটি ব্যাপার।

ছোট আকারের জন্য আলাদা পরিচিতি রয়েছে আফ্রিকান পেঙ্গুইনের। দক্ষিণ আফ্রিকা এবং নামিবিয়ার উপকূল ও দ্বীপে এগুলো বাস করে। যদিও এ রকম কিছু কিছু পেঙ্গুইন উত্তরের দিকে গ্যাবন পর্যন্তও দেখা গেছে।

ইন্টারন্যাশনাল ইউনিয়ন ফর কনজারভেশন অফ ন্যাচার (আইইউসিএন)

জানিয়েছে, এই প্রজাতির পাখির সংখ্যা খুব দ্রুত কমছে। বাণিজ্যিকভাবে মাছ ধরা আর পরিবেশগত অস্থিতিশীলতা এর জন্য দায়ী বলে সংস্থাটি জানিয়েছে।

‘অন্তরীপের মৌমাছি’ নামে পরিচিত এই মৌমাছিগুলোও এখানকার ইকোসিস্টেম বা বাস্তুতন্ত্রের অংশ, যারা বেশ কয়েকটি সংরক্ষিত এলাকাজুড়ে বসবাস করে।

ন্যাশনাল পার্কের কর্মকর্তারা জানিয়েছেন, শুক্রবার আরেকটি পেঙ্গুইনের মৃতদেহ পাওয়া গিয়েছিল কাছাকাছি স্থানে, যেটির শরীরেও একই রকম মৌমাছির দংশনের চিহ্ন রয়েছে।

হাইতিতে ভূমিকম্পে নিহত বেড়ে ১২৯৭

ক্যারিবিয়ান দ্বীপপুঞ্জের দ্বীপরাষ্ট্র হাইতিতে শনিবার শক্তিশালী ভূমিকম্পে নিহত বেড়ে এক হাজার ২৯৭ জনে দাঁড়িয়েছে।

রিখটার স্কেলে ৭ দশমিক ২ মাত্রার এ ভূমিকম্পে শত শত ঘরবাড়ি ও স্থাপনা ধসে পড়েছে এবং প্রায় তিন হাজার মানুষ আহত হয়েছেন। খবর আরব নিউজ ও সিএনএনের।

হাসপাতালগুলোতে আহত মানুষের স্থান সংকুলান হচ্ছে না। সরকারের পক্ষ থেকে দ্রুত ত্রাণ ও উদ্ধারকর্মীদের পাঠানো হয়েছে। ঘরবাড়ি হারিয়ে বহু মানুষ পরিবার-পরিজন নিয়ে খোলা আকাশের নিচে মানবেতর জীবনযাপন করছেন।

শনিবারের ওই ভূমিকম্পের কেন্দ্রস্থল ছিল রাজধানী পোর্টা প্রিন্স থেকে প্রায় ১২৫ কিলোমিটার পশ্চিমে। হাইতির সিভিল প্রটেকশন এজেন্সি জানিয়েছে, রোববার পর্যন্ত উদ্ধার করা এক হাজার ২৯৭ জনের মধ্যে বেশিরভাগই দেশের দক্ষিণাঞ্চলে প্রাণ হারিয়েছেন।

উদ্ধারকর্মীরা শত শত মানুষকে ধ্বংসস্তূপের নিচ থেকে জীবিত উদ্ধার করেছেন এবং এখনও আহত মানুষকে উদ্ধার করে হাসপাতালে নেওয়ার কাজ

চলছে।

প্রধানমন্ত্রী হেনরি সারা দেশে এক মাসের জরুরি অবস্থা জারি করেছেন। তবে ভূমিকম্পে ক্ষতির প্রকৃত চিত্র সামনে না আসা পর্যন্ত তিনি আন্তর্জাতিক সহযোগিতা চাইবেন না। কোনো কোনো ছোট শহর সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে বলেও তিনি জানিয়েছেন।

জনগণকে ঘরে আটকে রাখছে চীন সরকার

চীনের জনগণকে ঘরে আটকে রেখেছে সরকারের কর্মকর্তারা। সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়া বেশ কয়েকটি ভিডিওতে এমন ঘটনা দেখা গেছে। দেশটিতে করোনার ডেল্টা ভ্যারিয়েন্ট ব্যাপকহারে ছড়িয়ে পড়ায় সরকার এই সিদ্ধান্ত নিয়েছে বলে গণমাধ্যমের প্রতিবেদনে জানা গেছে।

গত বছর উহানে যখন করোনা ভাইরাস প্রথমবারের মতো থাবা বসায় তখন সেখানেই এই একই পদক্ষেপ নেওয়া হয়েছিল বলে তাইওয়ান নিউজের প্রতিবেদনে বলা হয়েছে।

চীনের নিজস্ব মাইক্রো ব্লগিং প্ল্যাটফর্ম উয়েবো, টুইটার ও ইউটিউবে বিভিন্ন ভিডিওতে দেখা গেছে সরকারি কর্মীরা জীবণুরোধী পিপিআই পরে বাড়ির সামনে লোহার আড়াআড়িভাবে শিক আটকে দিচ্ছে।

এমনকি একদিনে তিনবারের বেশি দরজা খুললে তাদের তিরস্কার করা হচ্ছে বলে জানা গেছে।

তবে ওইসব বাড়ির বাসিন্দারা কীভাবে জরুরি প্রয়োজনে বাইরে যাচ্ছে সে ব্যাপারে তাইওয়ান নিউজ বিস্তারিত কিছু জানায়নি।

চীনের জাতীয় স্বাস্থ্য কমিশন গত আগস্টের ৯ তারিখে ১৪৩ জনের করোনা আক্রান্তের খবর দিয়েছে। জানুয়ারির ২০ তারিখের পর এই প্রথম দেশটিতে এতো মানুষ সংক্রমিত হয়েছে বলে গণমাধ্যমের প্রতিবেদনে বলা হয়েছে।

ব্ল্যাকমেইলের শিকার, নারী খেলোয়াড়ের আত্মহত্যা

সাবেক প্রেমিকের ব্ল্যাকমেইলের শিকার, নারী খেলোয়াড়ের আত্মহত্যা

ভারতের জাতীয় পর্যায়ের কারাতে নারী খেলোয়াড় পামেলা অধিকারী আত্মহত্যা করেছেন।

রোববার রাতে হাওড়ার বালিতে তার বাড়ি থেকে ঝুলন্ত লাশ উদ্ধার করে পুলিশ। খবর আনন্দবাজার।

এ ঘটনায় এক যুবকের বিরুদ্ধে ব্ল্যাকমেইল করার অভিযোগ তুলেছে তার পরিবার। ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

পামেলার বোন প্রিয়ঙ্কা অধিকারীর অভিযোগ, বছর দুয়েক ধরে সানি নামে যুবক আমার বোনের সম্পর্ক ছিল। এর মধ্যেই সানি অন্য একটি মেয়েকে বিয়ে করে। সানি আমার বোনের থেকে কৌশলে ব্যক্তিগত মুহূর্তের নানা ছবি নিয়েছিল। তা দেখিয়ে নানা সময়ে ব্ল্যাকমেল করত।

প্রাথমিকভাবে মনে করা হচ্ছে, ব্ল্যাকমেইলের চাপে পড়েই ওই কিশোরী শেষ পর্যন্ত আত্মহত্যার পথ বেছে নেয়। নিশ্চিত হতে পুলিশ পামেলার আত্মীয় এবং বন্ধুদের জিজ্ঞাসাবাদ করছে। অভিযুক্ত সানির বিষয়েও তথ্য সংগ্রহ করছে পুলিশ।

পামেলার বাবা মলয় অধিকারী বলেছেন, মেয়ের সঙ্গে কী ঘটেছে এখনও আমরা বুঝতে পারছি না। কেন সে আত্মহত্যা করল জানি না। এ ভাবে মেয়েটা চলে যাবে মানতে পারছি না।

‘আমার মেয়ে খেলাধূলা, পড়াশোনা নিয়েই ব্যস্ত ছিল। ও খুব মিশুক ছিল,’ বলেন তিনি।

সড়ক দুর্ঘটনায় মারা গেলেন অভিনেতা মিশু সাব্বিরের বোন

মর্মান্তিক এক সড়ক দুর্ঘটনায় মারা গেলেন সময়ের জনপ্রিয় অভিনেতা মিশু সাব্বিরের মামাতো বোন।

নিহতের নাম স্বর্ণা। এ ঘটনায় স্বর্ণার তিন বছর বয়সি কন্যাশিশু হাসপাতালে চিকিৎসাধীন আছে। শিশুটি কোমায় চলে গেছে।

বাংলাদেশ সময় সোমবার সকালে যুক্তরাষ্ট্রে এ মর্মান্তিক সড়ক দুর্ঘটনা ঘটে।

ঘটনার পর সোমবার বেলা সাড়ে ১১টার দিকে এক ফেসবুক স্ট্যাটাসে এসব তথ্য দেন মিশু সাব্বির।

তিনি লেখেন— আমার মামাতো বোন স্বর্ণা কয়েক ঘণ্টা আগে ইউএসএতে সড়ক দুর্ঘটনায় মারা গেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তার তিন বছরের মেয়ে কোমায় আছে??? । সবাই স্বর্ণার জন্য দোয়া করবেন। আল্লাহ যেন তাকে বেহেশতে রাখেন।

স্ট্যাটাসে মন্তব্যের ঘরে শোক প্রকাশ করছেন নেটিজেনরা। নিহতের রুহের মাগফিরাত কামনা করছেন তারা। মিশু সাব্বির ও শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানাচ্ছেন নেটজেনরা।

সৌদি যুবরাজের সঙ্গে মিসরের

প্রেসিডেন্টের বৈঠক

সৌদি আরবের ক্রাউন প্রিন্স মোহাম্মদ বিন সালমানের সঙ্গে বৈঠক করেছেন মিসরের প্রেসিডেন্ট আবদেল ফাতাহ সিসি।

মিসরের সিনাইয়ে শার্ম এল শেখ অবকাশ কেন্দ্রে শুক্রবার ওই বৈঠক অনুষ্ঠিত হয়। খবর আনাদোলুর।

বৈঠক শেষে মিসরের প্রেসিডেন্ট বলেছেন, দুই দেশের স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে এবং সম্পর্ক উন্নয়ন নিয়ে আলোচনা করেছেন তারা।

আবদেল ফাতাহ সিসি বলেন, আমার ভাই সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমানের সঙ্গে আলোচনা করতে আমি অনেক আনন্দিত।

সামাজিক যোগাযোগমাধ্যমে দেয়া পোস্টে সিসি বলেন, দুই দেশের সম্পর্ক আরও জোরদার করতে আমরা বৈঠকে আলোচনা করেছি। এছাড়াও, আঞ্চলিক এবং আন্তর্জাতিক সমসাময়িক বিভিন্ন ইস্যুতেও দুই নেতার আলোচনা হয় বলে ◌্তে দাবি করা হয়।

২৮ জন স্ত্রীর উপস্থিতিতে ৩৭তম বিয়ে, ভিডিও ভাইরাল

২৮ স্ত্রী, ১৩৫ সন্তান ও ১২৬ জন নাতি-নাতনির উপস্থিতিতে নিজের ৩৭তম বিয়ে সারলেন এক ব্যাক্তি। এমন একটি ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ভাইরাল হয়েছে।

২১ শতকেও এমন কাজ হতে পারে তা নিয়ে আলোচনা-সমালোচনা শুরু হয়েছে নেট দুনিয়ায়। ওই ভিডিওতে দাবি করা হয়েছে, ২৮ স্ত্রী, ১৩৫ সন্তান ও ১২৬ জন নাতি-নাতনির উপস্থিতিতেই নিজের বিয়ে সেরেছেন। ৪৫ সেকেন্ডের ওই ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে কাঁপাচ্ছে। এই ভিডিওটি ৬ জুন ভারতের রপিন শর্মা নামে এক আইপিএস কর্মকর্তার তার টুইটারে শেয়ার করেন। সেখানে তিনি ওই ব্যক্তি সাহসেরও প্রশংসা

করেছেন।

তবে ভিডিওটি কবের বা কোন দেশ অথবা কোন এলাকার তা জানাযায়নি।

সূত্র: টাইমস নাও।

আল আকসায় নামাজ আদায়ের ঘোষণা দিলেন হিজবুল্লাহ মহাসচিব

মুসলমানদের প্রথম কিবলা আল-আকসা মসজিদে নামাজ আদায় করার আশা প্রকাশ করেছেন লেবাননের ইসলামি প্রতিরোধ আন্দোলন হিজবুল্লাহর মহাসচিব সাইয়্যেদ হাসান নাসরুল্লাহ।

মঙ্গলবার রাতে আল-মানার টেলিভিশন প্রতিষ্ঠার ৩০তম বার্ষিকী উপলক্ষে দেওয়া বক্তৃতায় এ আশা প্রকাশ করেন তিনি।

হিজবুল্লাহ মহাসচিব বলেন, কুদস ও মসজিদুল আকসা গোটা মুসলিম উম্মাহর সম্পদ এবং বিশ্ব মুসলিম একদিন নির্ভয়ে একসঙ্গে এই মসজিদে নামাজ আদায় করতে পারবে। মুসলিম বিশ্বের উচিত এই মসজিদকে ইহুদিবাদীদের দখলদারিত্ব থেকে মুক্ত করার সংগ্রামে ফিলিস্তিনিদের পাশে দাঁড়ানো।

এদিকে ফিলিস্তিনে ইসরাইলের আগ্রাসন ও গণহত্যা সমর্থন করে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন যে বক্তব্য দিয়েছেন, তার তীব্র নিন্দা জানিয়েছে ইসলামি প্রতিরোধ আন্দোলন হামাস।

ব্লিঙ্কেন গত সোমবার এক বক্তব্যে ফিলিস্তিন জনগণের ওপর তেলআবিবের সাম্প্রতিক আগ্রাসনকে ‘আত্মরক্ষা’ বলে উল্লেখ করেন এবং ইহুদিবাদী ইসরাইলের প্রতি আমেরিকার পূর্ণ সমর্থন অব্যাহত থাকবে বলে ঘোষণা করেন।

এর প্রতিক্রিয়ায় হামাস এক বিবৃতিতে জানিয়েছে, আমরা কুদস দখলদার ইসরাইল সরকারের প্রতি আমেরিকার সামরিক সমর্থন এবং তেলআবিবের হাতে অত্যাধুনিক সমরাস্ত্র তুলে দেওয়ার মার্কিন নীতির তীব্র নিন্দা

জানাই। আমেরিকা এ সমর্থনের মাধ্যমে ফিলিস্তিনের নিরস্ত্র সাধারণ জনগণকে হত্যার অপরাধে সমান অংশীদারে পরিণত হয়েছে।

গত ১০ থেকে ২১ মে পর্যন্ত অবরুদ্ধ গাজা উপত্যকায় ইহুদিবাদী ইসরাইলের পাশবিক হামলায় ৬৯ শিশু, ৩৯ নারী ও ১৭ বৃদ্ধসহ ২৭০ ফিলিস্তিনি নিহত হয়েছেন।

মার্কিন সমর্থনে চালানো এ হামলায় আহত হন আরও ১৯১০ ফিলিস্তিনি নাগরিক। এই ১১ দিনে জাতিসংঘ নিরাপত্তা পরিষদ ইসরাইলি হামলার নিন্দা জানাতে ও হামলা বন্ধ করতে তিনবার বৈঠকে বসলেও আমেরিকার বিরোধিতার কারণে তেলআবিবের বিরুদ্ধে কোনো প্রস্তাব পাস করা সম্ভব হয়নি।

যুক্তরাষ্ট্র-বিট্রেনের গণমাধ্যম ও সরকারি ওয়েবসাইট ডাউন

বিশ্বজুড়ে বেশ কিছু আন্তর্জাতিক গণমাধ্যমের পরিষেবা ভেঙ্গে পড়েছে। পাশাপাশি যুক্তরাষ্ট্র ও যুক্তরাজ্যের সরকারি ওয়েবসাইটেও সমস্যা দেখা দেয়। সংবাদ মাধ্যমগুলোর মধ্যে মঙ্গলবার ব্লুমবার্গ, গার্ডিয়ান, সিএনএন, বিবিসি, নিউইয়র্ক টাইমস ও ফিনান্সিয়াল টাইমসে সমস্যা দেখা দেয়।

কাতারভিত্তিক সংবাদ মাধ্যম আল জাজিরা জানিয়েছে তাদের সাইটেও সমস্যা দেখা দিয়েছিল। এসব সাইটে এরর শব্দটি দেখা যাচ্ছিল। এ ছাড়া অ্যামাজনের ওয়েবসাইটেও সমস্যা দেখা গিয়েছিল। তবে প্রতিষ্ঠানটির পক্ষ থেকে তাৎক্ষণিক কোনো মন্তব্য পাওয়া যায়নি।

যুক্তরাজ্যের সংবাদ মাধ্যম দ্য গার্ডিয়ান জানিয়েছে, তাদের ওয়েবসাইট ও অ্যাপে সমস্যা দেখা দিয়েছে।

যুক্তরাজ্যের প্রধান সরকারি ওয়েবসাইটে সমস্যা হয়েছিল। যুক্তরাষ্ট্রের হোয়াইট হাউসের ওয়েবসাইটে এরর শব্দটি এসেছে। সেই

[illegible]

[illegible]